গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
ব্রাহ্মণবাড়িয়া।

আদেশ নং- ১৬৪১ তারিখ: ১৩/০৮/২০২৬

বিষয়: শিমরাইল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ কার্যকর করা প্রসংগে।

সূত্র: ১। উপজেলা সমবায় অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর স্মারক নং- ৪৭.৬১.১২৬৩.০০০.০০০.১৬.০০১৪.২৫.১৬৩, তারিখ: ২৭/০৭/২০২৬ খ্রি.

২। জনাব মোঃ রোস্তম আলী, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ও যাচাইকারী কর্মকর্তা, শিমরাইল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর ১১/০৮/২০২৬ তারিখের যাচাই প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমবায় অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর সুপারিশসহ শিমরাইল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সম্পাদক জনাব মোঃ শহিদুল ইসলাম এর আবেদন, সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী এবং যাচাইকারী কর্মকর্তার যাচাই প্রতিবেদন পর্যালোচনা করে দেখা সমিতির সদস্যগণের সমিতি পরিচালনা করতে আগ্রহ রয়েছে। সমিতির সদস্যগণ নিয়মিত শেয়ার ও সঞ্চয় আমানত আদায় করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করেছেন। অপরদিকে সমিতিটি কার্যকর হলে সদস্যগণ সমিতির নামে জলমহাল ইজারা গ্রহণ করবে মর্মেও সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এছাড়া উপজেলা সমবায় অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক সূত্রস্থ পত্রে সমিতিটি কার্যকর করার সুপারিশ থাকায় সমিতির স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য নিম্ন বর্নিত শর্ত সাপেক্ষে সমিতিটি কার্যকর অর্থাৎ সক্রিয় করা হলো।

শর্তসমূহ

ক) সমিতির সদস্যদের কাছ থেকে নিয়মিত সঞ্চয় আমানত আদায় করতে হবে।
খ) নিয়মিত মাসিক সভা ও বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান সম্পন্ন করতে হবে এবং বার্ষিক সাধারণ সভার কার্যবিবরনী উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে জেলা সমবায় অফিসার বরাবর দাখিল করতে হবে।
গ) প্রতি ০৩ (তিন) বছর পর পর নির্বাচন অনুষ্ঠান করতে হবে এবং নির্বাচন সংক্রান্ত কাগজপত্র উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে জেলা সমবায় অফিসার বরাবর দাখিল করতে হবে।
ঘ) মৎস্যজীবী সমবায় সমিতি হিসেবে লাভজনক খাতে বিনিয়োগ অর্থাৎ জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে হবে।
ঙ) নিয়মিত বার্ষিক অডিট সম্পাদন করতে হবে এবং যাবতীয় আয়-ব্যয়ের হিসাব সকল সদস্যকে অবহিত করতে হবে।
চ) সমিতির জমা-খরচ, শেয়ার, সঞ্চয়, সদস্য রেজিস্টার ও সমিতির যাবতীয় আয়-ব্যয়ের ভাউচার হালনাগাদ করে সংরক্ষন করতে হবে।
ছ) প্রত্যেক সদস্যকে শেয়ার সার্টিফিকেট প্রদান নিশ্চিত করতে হবে।
জ) অডিট শেষে যথাসময়ে অডিট সংশোধনী প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে।
ঝ) সর্বোপরি সমবায় সমিতি আইন, বিধিমালা, সমিতির উপ-আইন ও নিবন্ধক মহোদয়ের সময়ে সময়ে জারীকৃত সকল সার্কুলার অনুসরন করতে হবে।
ঞ) সমিতিতে কোনক্রমে সদস্য সংখ্যা ২০(বিশ) জনের কম যাতে না হয় সে বিষয়ে খেয়াল রাখতে হবে। সদস্য সংখ্যা ২০(বিশ) জনের কম হলে সমিতিটি বাতিলযোগ্য হিসেবে পরিগনিত হবে।

উল্লেখ্য যে প্রতি ০২ (দুই) মাস পর পর উপর্যুক্ত শর্তসমূহের বাস্তবায়ন প্রতিবেদন উপজেলা সমবায় অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর মাধ্যমে জেলা সমবায় অফিসার, ব্রাহ্মণবাড়িয়া বরাবর দাখিল করতে হবে। ব্যর্থতায় পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোহাম্মদ দেলোয়ার হোসেন
জেলা সমবায় অফিসার
ব্রাহ্মণবাড়িয়া।
ফোন-০২৩৩৪৪২৮৫১৯

প্রতি,
জনাব মোঃ শহিদুল ইসলাম
সম্পাদক, শিমরাইল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ
গ্রাম: শিমরাইল, পোঃ শিমরাইল, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ১৬৪১/১(২) তারিখ: ১৩/০৮/২০২৬

অবগতির জন্য অনুলিপি পেরণ করা হলো।
০১। উপজেলা সমবায় অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া। তাঁকে আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে বর্নিত সমিতির ২০২৫-২০২৬ অর্থ বছরের অডিট বরাদ্দ প্রদান পূর্বক অত্র কার্যালয়কে অবহিত করার জন্য বলা হলো।
০২। সংশ্লিষ্ট নথি।

১৩/০৮/২০২৫
জেলা সমবায় অফিসার
ব্রাহ্মণবাড়িয়া।